

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৭২৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যিক হলো দুনিয়ার উপকরণের ক্ষেত্রে মহান আল্লাহ তাকে যে অনুগ্রহ দান করেছেন তার উপর ভরসা করা, যা পাননি তার জন্য হা-হুতাশ না করা- এই মর্মে হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْإِتِّكَالِ عَلَى تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا فِي أَسْبَابِ دُنْيَاهُ
دُونَ التَّأَسُّفِ عَلَى مَا فَاتَهُ مِنْهَا

আরবী

723 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَمِينُ اللَّهِ مَلَأَى لَا يَغِيضُهَا نَفَقَةٌ سَحَاءَ بِاللَّيْلِ وَالنَّهَارِ أُرَأَيْتُمْ مَا أَنْفَقَ مِنْذُ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ فَإِنَّهُ لَمْ يَغِضْ مَا فِي يَمِينِهِ وَالْيَدُ الْأُخْرَى الْقَبْضُ يُرْفَعُ وَيَخْفِضُ وَعَرْشُهُ عَلَى الْمَاءِ)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: هَذِهِ أَخْبَارٌ أُطْلِقَتْ مِنْ هَذَا النَّوعِ تَوْهَمُ مَنْ لَمْ يُحْكَمْ صِنَاعَةُ الْعِلْمِ أَنَّ أَصْحَابَ الْحَدِيثِ مَشَبَّهَةٌ عَائِدٌ بِاللَّهِ أَنْ يَخْطُرَ ذَلِكَ بِبَالٍ أَحَدٍ مِنْ أَصْحَابِ الْحَدِيثِ وَلَكِنْ أُطْلِقَ هَذِهِ الْأَخْبَارُ بِالْفَاطِ التَّمْثِيلِ لِصِفَاتِهِ عَلَى حَسَبِ مَا يَتَعَارَفُهُ النَّاسُ فِيمَا بَيْنَهُمْ دُونَ تَكْيِيفِ صِفَاتِ اللَّهِ جَلَّ رَبُّنَا عَنْ أَنْ يُشَبَّهَ بِشَيْءٍ مِنَ الْمَخْلُوقِينَ أَوْ يُكَيَّفَ بِشَيْءٍ مِنْ صِفَاتِهِ إِذْ لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 723 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২৩. আবু হুরাইরা রাদিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আল্লাহর ডান হাত পরিপূর্ণ; দিনে-রাতের খরচ তাতে কোন কমতি আনতে পারে না। তোমরা কি ভেবে

দেখেছো আসমানসমূহ ও জমিন সৃষ্টি অবধি তিনি যা খরচ করেছেন, তা তাঁর ডান হাতে যা রয়েছে, তার কোন কমতি আনয়ন করেনি। তাঁর অন্য হাত (রুহ) গ্রহণ করে। তিনি (মানুষের মর্যাদা) সমুল্লত করেন এবং অবনমিত করেন। আর তাঁর আরশ পানির উপর রয়েছে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই ধরনের হাদীসগুলো সাধারণভাবে ব্যবহার করা হয়েছে, যাদের এই বিষয়ে মজবুত ইলম নেই, তারা এই সংশয়ে পড়ে যায় যে, মুহাদ্দিসগণ মুশাব্বিহাহ (আল্লাহর সীফাতকে মাখলুকাতের সীফাতের সাথে সাদৃশ্যতা দানকারী)! মুহাদ্দিসগণের কারো মনে এই ধরনের ধারণা আসা থেকে আল্লাহর কাছে পানাহ চাই। বস্তুত এই সমস্ত হাদীসে উপমার শব্দে আল্লাহর সীফাতগুলো সাধারণভাবে যেভাবে মানুষ নিজেদের মাঝে জানে, সেভাবে বর্ণিত হয়েছে; এখানে মহান আল্লাহর সীফাতসমূহকে মাখলূকের সীফাতের সাথে সাদৃশ্যতা দিয়ে ধরণ বর্ণনা করা হয়নি অথবা তাঁর কোন সীফাতের ধরণ বর্ণনা করা হয়নি। কেননা তাঁর সদৃশ কোন কিছুই নেই।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩১৩; সহীহ আল বুখারী: ৭৪১৯; সহীহ মুসলিম: ৯৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৬৫৬; তিরমিযী: ৩০৪৫; ইবনু মাজাহ: ১৯৭।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৭২৩।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89225>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন